



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

ফোন- ০২৩৩৪-৪৫৮৪১৬, মোবাইল : ০১৮-২৪১০৭১৯০, EINN : 105061

satkaniagovt.college@yahoo.com, www.satkaniagovtcollege.edu.bd

তারিখ : ০৭/০৫/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

সাতকানিয়া সরকারি কলেজের ২০২১-২২ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) ১ম বর্ষে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক (স্নাতক) পাস (শিক্ষাবর্ষ : ২০২১-২২) পর্যায়ে শিক্ষার্থীদেরকে উপবৃত্তির আবেদন আহ্বান করা হয়েছে। নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করে দরিদ্র মেধাবী শিক্ষার্থীগণ আবেদন করতে পারবে।

- ১। শুধুমাত্র স্নাতক (পাস) পর্যায়ে ১ম বর্ষে (২০২১-২২ শিক্ষাবর্ষ) অধ্যয়নরত অসচ্ছল দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীরাই উপবৃত্তির জন্য <https://estipend.pmeat.gov.bd> লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করবে। ই-স্টাইপেন্ড সিস্টেমের ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক ০৮.০৫.২০২৪ খ্রি. থেকে ২৩.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে।

উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলি :

- ক) স্নাতক ও সমমান পর্যায়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- খ) শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে।
- গ) শিক্ষার্থীকে পূর্বের পরীক্ষায় প্রকাশিত ফলাফলে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত/জিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫/সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ প্রাপ্ত হতে হবে।
- ঘ) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে।
- ঙ) প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তান।
- চ) বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

(প্রফেসর আবু রায়হান মোঃ আশিকুর রহমান)

আইডি নং : ১৫৩৪

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।